Manner of registering/updating e-mail address:

As the entire shareholding of the Company is held in dematerialized form, all the Members are requested to register/ update their email address(es) with their respective Depository Participant(s) (DPs) to receive all future shareholder communications.

The Notice of AGM and Annual Report 2025-2026 will be sent to shareholders in accordance with the applicable laws on their registered e-mail addresses in due course.

For **ICON FACILITATORS LIMITED**
Sd/-
Pooja
Company Secretary

Date : 26.08.2026
Place : New Delhi

COMFORT FINCAP LIMITED

CIN: L65923WB1982PLC035441
Registered Office.: 22, Block B, Camac Street, Behind Pantaloons, Kolkata, West Bengal - 700 016;
Corporate Office.: 301, 3rd Floor, A wing, Hetal Arch, S. V. Road, Malad (West), Mumbai - 400064;
Phone No.: 022 - 6894 8508 /09
Email: info@comfortfincap.com; **Website:** www.comfortfincap.com

INFORMATION REGARDING 44th ANNUAL GENERAL MEETING OF THE COMPANY TO BE HELD THROUGH VIDEO CONFERENCE ("VC") / OTHER AUDIO-VISUAL MEANS ("OAVM")

Notice is hereby given that the **44th (Forty-Fourth) Annual General Meeting** ("the AGM/the Meeting") of the Members of **Comfort Fincap Limited** ("the Company") will be held on **Monday, September 21, 2026** at **03:00 P.M. (IST)** through Video Conference ("VC")/ Other Audio-Visual Means ("OAVM") via facility provided by National Securities Depository Limited in compliance with all the applicable provisions of the Companies Act, 2013 ("Act") and the Rules made thereunder and the Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 ("SEBI Listing Regulations") read with all applicable circulars on the matter issued from time to time by the Ministry of Corporate Affairs ("MCA") and the Securities and Exchange Board of India, to transact the business set out in the Notice calling the AGM.

1. **Dispatch of Annual Report:**

   The e-copy of the Notice of the 44th AGM along with the Annual Report for the financial year 2025-26 of the Company will be available on the website of the Company at www.comfortfincap.com. Additionally, the Notice of AGM will also be made available and may be accessed from the website of BSE Limited at www.bseindia.com and National Securities Depository Limited at www.evoting.nsdl.com.

   Members can attend and participate in the AGM ONLY through the VC/OVAM facility, the details of which will be provided by the Company in the Notice of AGM. Accordingly, please note that no provision has been made to attend and participate in the 44th AGM of the Company in person. Members attending the meeting through VC/OVAM shall be counted for the purpose of reckoning quorum under Section 103 of the Act.

   The Notice of AGM along with the Annual Report will be sent electronically to those Members whose e-mail addresses are registered with the Company/ Registrar & Share Transfer Agent ('**Registrar/ RTA**')/ Depository Participants ('**DPs**'). Further, as per the SEBI Listing Regulations a letter providing the web-link, including the exact path, where Annual Report for the financial year 2025-26 is available, will be sent to those Members whose e-mail address is not registered with the Company. Also, the hard copies of the Notice of 44th AGM and Annual Report for the financial year 2025-26 will not be sent to any shareholders, unless any member has requested for the same.

   Shareholders holding shares in dematerialised mode are requested to register their email addresses and mobile numbers with their relevant depositories through their DPs. Shareholders holding shares in physical mode are requested to furnish their email addresses and mobile numbers with the Company's RTA i.e. Bigshare Services Private Limited at info@bigshareonline.com along with self-attested copy of PAN Card.

2. **Manner of casting vote(s) through e-voting:**

   The shareholders will have an opportunity to cast their vote through electronic means either during the remote e-voting period before the AGM or through e-voting during the AGM. The manner of e-voting for shareholders holding shares in dematerialized mode, physical mode and process for registration of email addresses for those shareholders who have not yet registered the same will be provided in the Notice to the shareholders.

3. **Dividend:**

   Members may note that the Board of Directors at its Meeting held on Thursday, May 14, 2026, has recommended a final dividend of 5% (Five percent) of the Paid-up Equity Share Capital of the Company, i.e. Rs. 0.10/- (Ten Paise Only) per equity share of face value of Rs. 02/- (Rupees Two Only) each for the financial year ended March 31, 2026, subject to approval of the shareholders at the 44th AGM of the Company. The Dividend, if approved at the AGM, will be paid within 30 days of the AGM. Further, pursuant to Section 91 of the Act read with Rules made thereunder, the Register of Members and Share Transfer Books of the Company will remain closed from Tuesday, September 15, 2026 to Monday, September 21, 2026 (both days inclusive) for the purposes of AGM and declaration of Final Dividend for the financial year 2025-26. The Company has fixed Monday, September 14, 2026 as the 'Record Date' for determining eligible shareholders entitle to dividend. Shareholders holding shares in electronic mode are requested to register their Bank details with the relevant Depository Participant. This will enable the Company to make timely credit of dividend to the Shareholders in their respective bank accounts.

4. **TDS on Dividend:**

   As per the Income Tax Act, 2025 ("IT Act"), dividends paid or distributed by the Company is taxable in the hands of the Members. Hence, the final dividend, if declared by Members at the 44th AGM, shall be paid after deducting tax at source ('TDS') in accordance with the relevant provisions of the Income-tax Act. For more details, please refer to the Notes to the Notice of the AGM and TDS related email communication which will be sent to shareholders and the same will also be available on the website of the Company at www.comfortfincap.com.

5. **Manner of registering KYC including bank details for receiving dividend:**

   a) **Shareholders holding shares in physical mode** are requested to register/update their PAN, KYC details, including mobile number, e-mail ID, bank account details and specimen signature, with Bigshare Services Private Limited, the Registrar and Share Transfer Agent of the Company, by submitting the prescribed forms and requisite documents. The prescribed forms are available on the RTA's website at www.bigshareonline.com and on the Company's website at www.comfortfincap.com.

   b) **Shareholders holding shares in demat mode** are requested to register/update their PAN, KYC and bank account details with their respective Depository Participant.

By Order of the Board of Directors of
Comfort Fincap Limited
Sd/-
Ankur Agrawal
Chairperson & Director
DIN: 06408167

Date: August 26, 2026
Place: Mumbai

নয়া উদ্যোগ! আধুনিক যন্ত্রে রেশমগুটির মান যাচাই, ন্যায্য দাম পাবেন চাষিরা

নিজস্ব প্রতিনিধি, মালদা, ২৫ আগস্ট ঃ দক্ষিণ ভারতের রামনগর হাটের আদলে সাজবে মালদার কালিয়াচক কোকুন মার্কেট। আধুনিক পরিকাঠামো দিয়ে সাজানোর লক্ষ্যে পরিদর্শন কেন্দ্র ও রাজ্য সরকারের উচ্চপর্যায়ের

প্রতিনিধি দলের। আন্তর্জাতিক মানের আধুনিক হাটে উন্নীত করার যৌথ উদ্যোগ নেওয়া হয়েছে। যার ফলে উপকৃত হবেন হাজার হাজার রেশম চাষি। পশ্চিমবঙ্গের অন্যতম বৃহৎ রেশম গুটির বাজার কালিয়াচক কোকুন মার্কেটকে আন্তর্জাতিক মানে উন্নীত করার উদ্যোগ নিয়েছে রাজ্য ও কেন্দ্র সরকার। দক্ষিণ ভারতের রামনগর রেশম গুটির হাটের আদলে এই বাজারকে আধুনিক পরিকাঠামোয় সাজিয়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে। সেই লক্ষ্যেই সম্প্রতি কালিয়াচক রেশম গুটির হাট সরেজমিনে পরিদর্শন করেন কেন্দ্র ও রাজ্যের উচ্চপর্যায়ের প্রতিনিধিরা। পরিদর্শক দলে ছিলেন কেন্দ্রীয় রেশম গবেষণা কেন্দ্রের অধিকর্তা ড. এস গান্ধী দাস, রাজ্য রেশম দফতরের মালদা জেলা আধিকারিক সুরজিত চৌধুরী, কেন্দ্রীয় রেশম পর্ষদের বাগমারা অফিসের বৈজ্ঞানিক তন্ময় চক্রবর্তী। তাঁরা বাজারের বর্তমান পরিকাঠামো, চাষি ও ব্যবসায়ীদের সমস্যা এবং প্রয়োজনীয় সুযোগ- সুবিধা নিয়ে বিস্তারিত খোঁজখবর নেন। কেন্দ্রীয় রেশম গবেষণা কেন্দ্রের অধিকর্তা ড. এস গান্ধী দাস জানান, মালদা, মুর্শিদাবাদ ও বীরভূমে ব্যাপকভাবে রেশম চাষ হয়। মালদার কালিয়াচক রাজ্যের অন্যতম গুরুত্বপূর্ণ কোকুন মার্কেট। এতদিন রেশম গুটি বিক্রি করতে গিয়ে চাষিদের নানা সমস্যার মুখে পড়তে হত। এবার রামনগরের কোকুন মার্কেটের ধাঁচে স্থায়ী ও আধুনিক বাজার তৈরি করা হবে। প্রকল্পের বাজেট তৈরি করে সরকারের কাছে রিপোর্ট পাঠানো হবে। সবকিছু ঠিক থাকলে আগামী ছয় মাসের মধ্যে কাজ শেষ করার লক্ষ্য নেওয়া হয়েছে। পরিকল্পনা অনুযায়ী, বাজারে রেশম গুটির গুণগত মান পরীক্ষার আধুনিক ব্যবস্থা থাকবে। মান যাচাইয়ের পর সেই অনুযায়ী দাম নির্ধারণ করা হবে। পাশাপাশি দেশের বিভিন্ন প্রান্তে রেশম গুটির বর্তমান বাজারদর জানার ব্যবস্থাও থাকবে। দূরবর্তী এলাকা থেকে আসা চাষিদের জন্য থাকার ব্যবস্থা এবং আর্থিক লেনদেনের সুবিধার্থে সরাসরি ব্যাঙ্ক পরিষেবা চালুর পরিকল্পনাও রয়েছে। এক চাষি বলেন, ফড়িয়াদের কারণে অনেক সময় ভাল মানের গুটিও কম দামে বিক্রি করতে হয়। গুণগত মান পরীক্ষার ব্যবস্থা চালু হলে চাষিরা তাঁদের উৎপাদিত গুটির ন্যায্য দাম পাবেন। এই উদ্যোগ বাস্তবায়িত হলে মালদার প্রায় ৬৬ হাজার রেশম চাষি পরিবার এবং তিন হাজারের বেশি ক্ষুদ্র রেশম কাটাই ও রিলিং ইউনিট শিল্পীরা উপকৃত হবে বলে আশা করা হচ্ছে। পাশাপাশি পার্শ্ববর্তী জেলা ও অন্যান্য রাজ্য থেকে আসা চাষিরাও এই আধুনিক বাজারের সুবিধা পাবেন।

আচমকাই বেড়েছে চিনির দাম, পুজোর আগে চাপে শক্তিগড়ের বিখ্যাত ল্যাংচা ব্যবসা

নিজস্ব প্রতিনিধি, শক্তিগড়, ২৫ আগস্ট ঃ শক্তিগড়ের পরিচয় আর ল্যাংচা যেন একে অপরের সমার্থক। এই বিখ্যাত মিষ্টির টানে দূরদূরান্ত থেকে প্রতিদিনই বহু মানুষ ছুটে আসেন শক্তিগড়ে। কিন্তু সেই ল্যাংচা তৈরির ব্যবসাতেই এবার নেমে এসেছে দুশ্চিন্তার ছায়া। আচমকাই বেড়েছে চিনির দাম। ফলে বাড়ছে মিষ্টি তৈরির খরচও। ব্যবসায়ীদের দাবি, কয়েকদিন আগেও খোলা বাজারে কেজি প্রতি ৪৮ থেকে ৫০ টাকায় চিনি মিলছিল। বর্তমানে সেই দাম বেড়ে হয়েছে প্রায় ৭২ টাকা। ফলে ল্যাংচা তৈরির উৎপাদন খরচ অনেকটাই বেড়েছে। সামনে উৎসবের মরসুম। তার আগে চিনির এই মূল্যবৃদ্ধি কার্যত দোটানায় ফেলেছে ব্যবসায়ীদের। শক্তিগড়ের এক মিষ্টির ব্যবসায়ী বলেন, চিনির দাম যেভাবে বেড়েছে, তাতে মিষ্টির দাম বাড়ানো ছাড়া উপায় থাকছে না। কিন্তু দাম বাড়ালে ক্রেতার উপর তার প্রভাব পড়বে। এখন বাজার এমনিতেই একটু মন্দা। ১০ টাকার মিষ্টি ১০ টাকাতেই রাখতে হচ্ছে, কিন্তু আগের মতো আকার রাখা যাচ্ছে না। চিনির পাশাপাশি তেলের দামও বেড়েছে। যত দিন যাচ্ছে, ব্যবসার পরিস্থিতি আরও কঠিন হচ্ছে। ব্যবসায়ীদের দাবি, চিনির পাশাপাশি গ্যাস এবং অন্যান্য কাঁচামালের দামও বেড়েছে। ফলে একদিকে উৎপাদন খরচ বাড়ছে,



অন্যদিকে মিষ্টির দাম বাড়লে ক্রেতাদের উপরও বাড়তি চাপ পড়বে। এর জেরে মিষ্টি কেনার প্রবণতা কমার আশঙ্কা করছেন ব্যবসায়ীরা। বিশেষ করে উৎসবের মরসুমে, যখন ল্যাংচার চাহিদা বাড়ার কথা, তখন দাম বাড়ানোর সিদ্ধান্ত তাঁদের কাছে বড় ঝুঁকি হয়ে দাঁড়িয়েছে। শুধু কাঁচামালের দাম বৃদ্ধিই নয়, রাস্তা সম্প্রসারণ ও নির্মাণকাজের প্রভাবেও ব্যবসায় সমস্যা হচ্ছে বলে দাবি ল্যাংচা বিক্রেতাদের। ১৯ নম্বর জাতীয় সড়ক সম্প্রসারণ এবং ল্যাংচা হাবের সামনে উড়ালপুল নির্মাণের জেরে দোকানের সামনে আগের মতো গাড়ি দাঁড়ানোর সুযোগ নেই। ফলে ক্রেতাদের আনাগোনাতেও প্রভাব পড়ছে বলে ব্যবসায়ীদের দাবি। একজন ক্রেতা বলেন, মিষ্টির দাম এভাবে বেড়ে গেলে আমাদের সবারই অসুবিধা হবে। সামনে পুজো, মিষ্টি কিনতে গেলে খরচ অনেকটাই বেড়ে যাচ্ছে। চিনির দাম বাড়ার সঙ্গে সঙ্গে যদি নিত্যপ্রয়োজনীয় সব জিনিসের দাম বাড়ে, তাহলে সাধারণ মানুষ চলবে কী করে? আমরা চাই জিনিসপত্রের দাম কিছুটা কমুক, যাতে ভালো জিনিস সাধ্যের মধ্যে কিনতে পারি। সব মিলিয়ে শক্তিগড়ের ল্যাংচা ব্যবসায়ীদের সামনে এখন কঠিন সমীকরণ। দাম বাড়ালে ক্রেতা হারানোর আশঙ্কা, আবার দাম না বাড়ালে বাড়তি উৎপাদন খরচ সামলে ব্যবসা চালানো কঠিন। ল্যাংচার স্বাদ ও মান বজায় রেখে কীভাবে ক্রেতার নাগালের মধ্যে দাম রাখা যায়, সেটাই এখন বড় চ্যালেঞ্জ। উৎসবের মরসুম দরজায় কড়া নাড়ছে। তার আগেই চিনির দামের ঊর্ধ্বগতি শক্তিগড়ের ল্যাংচা ব্যবসায়ীদের কপালে চিন্তার ভাঁজ আরও গভীর করেছে।

টাকা ফিরিয়ে নিতেই হবে, সটান হাজির বিডিও-র দরবারে! চাঞ্চল্যকর ঘটনা রঘুনাথগঞ্জে

মিঠুন হালদার, মুর্শিদাবাদ, ২৫ আগস্ট ঃ রাজ্যে বিজেপি সরকার ক্ষমতায় আসার তিন মাস পেরিয়ে গেলেও অন্নপূর্ণা ভান্ডার প্রকল্পের টাকা পাওয়া এখনো একাধিক জায়গায় জটিলতা রয়েছে । রাজ্যজুড়ে আবেদনকারী মহিলাদের মধ্যে ক্ষোভ -বিক্ষোভ চলছে ভাতা না পাওয়াকে কেন্দ্র করে। এই টালমাটাল পরিস্থিতির মধ্যেই মুর্শিদাবাদে সামনে এল চাঞ্চল্যকর ঘটনা। এক পুরুষের অ্যাকাউন্টে ঢুকে গেল অন্নপূর্ণা যোজনার টাকা। ঘটনাটি মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জ-২ নম্বর ব্লকের খড়কাঠি এলাকার বাসিন্দা সামজাদ শেখের, যিনি দীর্ঘদিন ধরেই প্রতিবন্ধী ভাতা পান। তাঁর অ্যাকাউন্টেই গত ১৭ আগস্ট হঠাৎ ঢুকে যায় অন্নপূর্ণা ভান্ডারের ৩,০০০ টাকা। সামজাদ শেখ ঘটনাটি জানতে পেরে নিজেই প্রশাসনের দ্বারস্থ হয়েছেন টাকা ফিরিয়ে নেওয়ার দাবি জানিয়ে। তিনি বলেন, ১৭ তারিখে হঠাৎই আমার পুত্রবধূ এসে জানায় আমার ব্যাঙ্ক অ্যাকাউন্টে অন্নপূর্ণা যোজনার তিন হাজার টাকা ঢুকেছে। আমি পুরুষ মানুষ এবং প্রতিবন্ধী ভাতা ছাড়া আমার অ্যাকাউন্টে আর কোনও টাকা ঢোকার কথা নয়। তারপরেও এই টাকা ঢোকায় আমি দিশেহারা। আমরা প্রশাসনের দ্বারস্থ হয়েছি এবং এই টাকা ফেরত দিতে চাই। সামজাদ শেখের জামাই টুটুল শেখ জানিয়েছেন, আমার শ্বশুর কোনওদিন অন্নপূর্ণা যোজনার জন্য আবেদনই করেননি এবং যোগ্যও নন। তিনি আরও বলেন, আমার শ্বশুরমশাই প্রতিবন্ধী ভাতা পান। তাঁর এবং শাশুড়ি মায়ের ব্যাঙ্ক অ্যাকাউন্টের মধ্যে লিংক রয়েছে ঠিকই, কিন্তু শাশুড়ি মা ষাটোর্ধ্ব হওয়ায় তাঁরও অন্নপূর্ণা যোজনার ভাতা পাওয়ার কথা নয়। তিনি আরও জানান, আমার শ্যালিকা অন্নপূর্ণা যোজনা পাওয়ার যোগ্য এবং তাঁর নিজস্ব ব্যাঙ্ক অ্যাকাউন্টে ডিবিটি লিংক করা আছে। কিন্তু তাঁর সঙ্গে শ্বশুরের ব্যাঙ্ক অ্যাকাউন্টের কোনও সম্পর্ক নেই। তাহলে কীভাবে এই টাকা সামজাদ শেখের অ্যাকাউন্টে এল, তা নিয়ে ধোঁয়াশা তৈরি হয়েছে। টুটুল বাবুর অভিযোগ, আমাদের অযথা হেনস্থা করার জন্য কিংবা প্রশাসনিক গাফিলতির জন্যই এই ঘটনা ঘটেছে। এরপরই তাঁরা রঘুনাথগঞ্জ-২ ব্লকের বিডিও অফিসে যোগাযোগ করেন। বিডিও অফিস থেকে ট্রেজারি চালানের ফর্ম পূরণ করিয়ে টাকা ফেরত নেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে বলে জানা গেছে। প্রসঙ্গত, তৃণমূল জমানাতেও মুর্শিদাবাদে একাধিক পুরুষের ব্যাঙ্ক অ্যাকাউন্টে লক্ষ্মীর ভান্ডারের টাকা ঢুকে যাওয়ার অভিযোগ উঠেছিল। তৎকালীন বিরোধী তথা বর্তমান শাসক দল বিজেপি সেই সময় প্রশাসনিক দুর্নীতি বলে সরব হয়েছিল। বেআইনি ভাবে লক্ষীর ভান্ডারের টাকা নেওয়ায় অভিযোগে রাজ্যে বিজেপি সরকার ক্ষমতায় আসার পর মুর্শিদাবাদ জেলার ডোমকল, বহরমপুর, রঘুনাথগঞ্জ থানা এলাকা থেকে একাধিক ব্যক্তি গ্রেপ্তারও হয়েছেন। তবে এবারের ঘটনায় প্রাপক নিজেই সততার পরিচয় দিয়ে টাকা ফেরত দিতে উদ্যোগী হয়েছেন। রঘুনাথগঞ্জ-২ ব্লকের বিডিও শুভময় শুভময় মাঝি বলেন, গোটা ঘটনাটি আমাদের নজরে এসেছে। কীভাবে এই ঘটনা ঘটলো খতিয়ে দেখা হচ্ছে। উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ মতো পরবর্তী পদক্ষেপ করা হবে।

কৃষ্ণনগর থেকে জাপান, অগ্নিভ-র হাতে তৈরি দুর্গাপ্রতিমায় ছুঁয়ে গেল আন্তর্জাতিক স্বীকৃতির স্বপ্ন

নিজস্ব প্রতিনিধি, কৃষ্ণনগর, ২৫ আগস্ট ঃ কৃষ্ণনগরের মৃৎশিল্পের মুকুটে আরও একটি নতুন পালক। শহরের তরুণ মৃৎশিল্পী অগ্নিভ পালের হাতে তৈরি দুর্গাপ্রতিমা এবার পাড়ি দিচ্ছে জাপানে। পড়াশোনার পাশাপাশি প্রতিমা তৈরির কাজ চালিয়ে অগ্নিভ যে শিল্পকর্ম তৈরি করেছেন, সেটিই এবার বিদেশের মাটিতে পূজিত হবে। কৃষ্ণনগরের ষষ্ঠীতলা কুমোরপাড়ার বাসিন্দা অগ্নিভ পাল। বাবা অলোক পালের কাছেই তাঁর প্রতিমা তৈরির প্রথম পাঠ। মাত্র ১২-১৪ বছর বয়সে কাজ শেখা শুরু। বর্তমানে কৃষ্ণনগর ডিএল কলেজের তৃতীয় বর্ষের ছাত্র অগ্নিভ। পাশাপাশি ঘূর্ণির রাষ্ট্রপতি পুরস্কারপ্রাপ্ত শিল্পী সুবীর পালের কাছে মৃৎশিল্পের কাজ শিখছেন তিনি। জাপানের জন্য তৈরি প্রতিমাটির উচ্চতা প্রায় চার ফুট দু'ইঞ্চি, চওড়া সাড়ে চার ফুট। প্রায় তিন মাসের পরিশ্রমে তৈরি হয়েছে প্রতিমাটি। মাটির কাঠামো থেকে শুরু করে প্লাস্টারের ছাঁচ এবং পরে ফাইবারগ্লাসের মাধ্যমে প্রতিমাটিকে চূড়ান্ত রূপ দেওয়া হয়েছে। প্রতিমার রঙ করা এবং চক্ষুদানের কাজও করেছেন অগ্নিভ নিজেই। অগ্নিভের সঙ্গে জাপানের যোগাযোগ অবশ্য নতুন নয়। তিন বছর আগে তাঁর তৈরি প্রায় আড়াই ফুটের একটি দুর্গাপ্রতিমাও জাপানে পাঠানো হয়েছিল। জাপানে থাকা এক পরিচিত পরিবারের মাধ্যমেই এবার ফের প্রতিমা তৈরির বরাত পান তিনি। সম্প্রতি কৃষ্ণনগরের মৃৎশিল্প জিআই স্বীকৃতি পাওয়ায় স্থানীয় শিল্পীদের মধ্যে নতুন উদ্দীপনা তৈরি হয়েছে। তার মধ্যেই অগ্নিভর তৈরি দুর্গাপ্রতিমার জাপানযাত্রা বিশেষ তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন শিল্পীমহলের অনেকে। ভবিষ্যতে মৃৎশিল্পকেই পেশা করে কৃষ্ণনগরের ঐতিহ্যকে আরও বড় পরিসরে পৌঁছে দিতে চান অগ্নিভ।

শিয়ালদহ ডিভিশন ভগবানগোলা স্টেশনে ট্রেন থামার সমস্যা সমাধান করে যাত্রীদের স্বাচ্ছন্দ্য বৃদ্ধি করল

কলকাতা, ২৫ আগস্ট ঃ (ক) শিয়ালদহ-বহরমপুর রুটে যাত্রী-সুবিধার মানোন্নয়নঃ যাত্রীদের সুবিধা বৃদ্ধি এবং সময়ানুবর্তিতা নিশ্চিত করার লক্ষ্যে একটি বড় পদক্ষেপ হিসেবে, শিয়ালদহ ডিভিশন ভগবানগোলা স্টেশনে দীর্ঘদিনের একটি পরিচালনগত সমস্যার সফল সমাধান করেছে। পাশাপাশি, শিয়ালদহ-বহরমপুর রুটে যাত্রী- সুবিধার ব্যাপক মানোন্নয়নও করা হয়েছে। দীর্ঘদিন ধরে,



লালগোলাগামী দুটি এক্সপ্রেস ট্রেন-১৩১০৩ শিয়ালদহ (১৮.২০)-লালগোলা (২২.৪০) ভাগীরথী এক্সপ্রেস (ভগবানগোলা স্টেশনে ২২.০৭-২২.০৮) এবং ১৩১১৩ কলকাতা (০৬.৫০)- লালগোলা (১১.৫০) হাজারদুয়ারি এক্সপ্রেস (ভগবানগোলা স্টেশনে ১০.২৯-১০.৩০)-একই প্ল্যাটফর্মে দুবার থামতে বাধ্য হতো। এর কারণ ছিল প্ল্যাটফর্মের দৈর্ঘ্য পুরো ট্রেনের জন্য অপর্যাপ্ত হওয়া। এই 'ডবল স্টপেজ' বা দুবার থামার বিষয়টি যাত্রীদের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করত এবং ট্রেনের সময়ানুবর্তিতার ওপর নেতিবাচক প্রভাব ফেলত। এই সংক্রান্ত পরিচালনগত বিলম্ব দূর করতে এবং ক্রমবর্ধমান যাত্রীসংখ্যা সামাল দিতে, শিয়ালদহ ডিভিশন ভগবানগোলা স্টেশনে পরিকাঠামো উন্নয়নের বড় কাজ সম্পন্ন করেছে। **প্ল্যাটফর্ম সম্প্রসারণ ও উচ্চতা বৃদ্ধিঃ** ১ ও ২ নম্বর প্ল্যাটফর্মের উচ্চতা বৃদ্ধি ও সম্প্রসারণের কাজ এখন সম্পন্ন হয়েছে। প্ল্যাটফর্মগুলোর দৈর্ঘ্য ৩৫০ মিটার থেকে বাড়িয়ে ৩৮৫ মিটার করা হয়েছে। **প্ল্যাটফর্ম শেডঃ** প্ল্যাটফর্মে শেড বসানোর কাজ বর্তমানে সমাপ্তির শেষ পর্যায়ে রয়েছে। **নতুন বুকিং অফিসঃ** প্রতিদিনের ক্রমবর্ধমান ভিড় সামাল দেওয়ার জন্য একটি নতুন বুকিং অফিস তৈরি করা হচ্ছে, যেখানে ৩টি সাধারণ এবং ১টি বিশেষ চাহিদা-সম্পন্ন ব্যক্তিদের (দিব্যাঙ্গজন) জন্য নির্ধারিত কাউন্টার থাকবে। **স্টেশনের উন্নত সুযোগ-সুবিধাঃ** উন্নতমানের নতুন টয়লেট ব্লকের নির্মাণকাজও সমাপ্তির শেষ পর্যায়ে রয়েছে। • শিয়ালদহ- বহরমপুর সেকশন জুড়ে বড় ধরনের উন্নয়নমূলক কাজ- শিয়ালদহ ডিভিশন এই বিভাগের শহরতলি ও আঞ্চলিক স্টেশনগুলিতে যাত্রীদের স্বাচ্ছন্দ্যকে অগ্রাধিকার দেওয়া অব্যাহত রেখেছে। যেসব বড় ধরনের উন্নয়নমূলক কাজ সমাপ্তির পথে রয়েছে, সেগুলোর মধ্যে রয়েছে- **বেলডাঙ্গা স্টেশনঃ** আবহাওয়া থেকে উন্নত সুরক্ষার জন্য প্ল্যাটফর্ম নং ২ ও ৩-এ যাত্রীদের জন্য শেড। প্রথম শ্রেণীর অপেক্ষাগার (Waiting Hall) সংস্কার। প্ল্যাটফর্ম নং ২ ও ৩-এ বসার জন্য নতুন বেঞ্চ স্থাপন। **মুর্শিদাবাদ, ভাবতা, জিয়াগঞ্জ এবং পীরতলা স্টেশনঃ** যাত্রী-সুবিধা সংক্রান্ত কাজগুলো-যার মধ্যে রয়েছে প্ল্যাটফর্ম সম্প্রসারণ, প্ল্যাটফর্মে শেড নির্মাণ এবং বসার জন্য নতুন বেঞ্চ স্থাপন-এখন চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এই প্রসঙ্গে শিয়ালদহ ডিভিশনের ডিআরএম রাজীব সাক্সেনা জানিয়েছেন যে, পরিকাঠামোগত এই উন্নয়নমূলক কাজগুলি স্টেশন-পরিষেবার আধুনিকীকরণ, ট্রেনের সময়ানুবর্তিতা বজায় রাখা এবং শিয়ালদহ ডিভিশনের সমস্ত যাত্রীর জন্য একটি নিরবচ্ছিন্ন ও ঝামেলামুক্ত ভ্রমণ অভিজ্ঞতা নিশ্চিত করার ক্ষেত্রে পূর্ব রেলের দায়বদ্ধতারই প্রতিফলন।

বালুরঘাট বিএড কলেজে সাইবার নিরাপত্তা সচেতনতা শিবির

রতন দে, বালুরঘাট, ২৫ আগস্ট ঃ সাইবার অপরাধ সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করতে বালুরঘাট বিএড কলেজ অটোনোমাসের অডিটেরিয়ামে অনুষ্ঠিত হলো সাইবার নিরাপত্তা সচেতনতা শিবির। বালুরঘাট সাইবার থানা বালুরঘাট থানা এবং বালুরঘাট মহিলা থানার যৌথ উদ্যোগে এই শিবিরের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বালুরঘাট

থানার আইসি সুমন্ত বিশ্বাস সাইবার ক্রাইম থানার আইসি সৌরভ ঘোষ মহিলা ও শিশু সুরক্ষা কর্মী সুরজ দাস বালুরঘাট কলেজের প্রাক্তন অধ্যক্ষ আশিস দাস নামাভঙ্গি উচ্চ বিদ্যালয়ের প্রাক্তন প্রধান শিক্ষক বিভাও রায় এবং বালুরঘাট বিএড কলেজের অধ্যক্ষ ববি মহন্ত সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ। অনুষ্ঠানের শুরুতে কলেজের ছাত্রছাত্রীরা উপস্থিত অতিথিদের পুষ্পস্তবক, উত্তরীয় ও চন্দনের টিপ দিয়ে বরণ করে নেন। এরপর প্রদীপ প্রজ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের আনুষ্ঠানিক সূচনা হয়। ছাত্রছাত্রীদের উদ্বোধনী সংগীতের মধ্য দিয়ে সচেতনতা শিবিরের মূল পর্ব শুরু হয়। শিবিরে সাইবার অপরাধ থেকে কীভাবে নিজেদের সুরক্ষিত রাখা যায় মোবাইল ফোনের সঠিক ব্যবহার ও অপব্যবহারের ক্ষতিকর দিক অনলাইন প্রতারণা এবং গার্হস্থ্য হিংসা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। বক্তারা অচেনা লিঙ্কে ক্লিক না করা ব্যক্তিগত তথ্য ও গোপনীয় নথি অপরিচিত ব্যক্তির সঙ্গে শেয়ার না করা এবং অনলাইন লেনদেনের ক্ষেত্রে সতর্ক থাকার পরামর্শ দেন। কলেজের অধ্যক্ষ ববি মহন্ত বলেন বর্তমান সময়ে সাইবার অপরাধ দ্রুত বাড়ছে এবং বহু মানুষ প্রতিদিন বিভিন্ন ধরনের সাইবার প্রতারণার শিকার হচ্ছেন। তাই আগামী দিনে আরও বেশি করে সাইবার নিরাপত্তা ও সচেতনতা শিবিরের আয়োজন করা প্রয়োজন। সাইবার অপরাধের পাশাপাশি মোবাইল ফোনের সচেতন ব্যবহার এবং পারিবারিক ক্ষেত্রে নিরাপত্তা ও সচেতনতার বিষয়গুলি নিয়ে এই শিবিরে বিস্তারিত আলোচনা হওয়ায় উপস্থিত ছাত্রছাত্রীদের মধ্যে যথেষ্ট আগ্রহ লক্ষ্য করা যায়।

বেআইনিভাবে রক্ত বিক্রি, পাঁশকুড়া সুপার স্পেশালিটি হাসপাতালের ৩ ল্যাব টেকনিশিয়ান গ্রেফতার

নিজস্ব প্রতিনিধি, পূর্ব মেদিনীপুর, ২৫ আগস্ট ঃ বেআইনিভাবে রক্ত বিক্রির চক্রে জ‍াতি থাকার অভিযোগে পাঁশকুড়া সুপার স্পেশালিটি হাসপাতালের তিন ল্যাব টেকনিশিয়ানকে গ্রেফতার করেছে এসিবি (অ্যান্টি করাপশন ব্যুরো)। ঘটনার সূত্রপাত কিছুদিন আগে, যখন রোগী ও তাঁদের পরিবারের কাছে চড়া দামে বেআইনিভাবে রক্ত বিক্রির অভিযোগে এক দালালকে গ্রেফতার করা হয়। তাকে জিজ্ঞাসাবাদের পর এই চক্রে হাসপাতালের ল্যাব টেকনিশিয়ানদের সরাসরি যুক্ত থাকার বিষয়টি সামনে আসে। তদন্তে জানা গেছে, ধৃত দালাল ও তার সহযোগীরা ব্লাড ব্যাঙ্ক থেকে সহজেই রক্ত পেয়ে যেত। এর বিনিময়ে ওই তিন ল্যাব টেকনিশিয়ানকে ইউপিআই-এর মাধ্যমে তুলনামূলক কম সময়ের মধ্যেই প্রায় ১.৪০ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। তদন্তকারী অফিসারদের দাবি, দালালচক্রের সদস্যরা বিভিন্ন ক্লাব ও স্বেচ্ছাসেবী সংস্থার আয়োজিত রক্তদান শিবির থেকে ১০০ থেকে ১৫০ টাকার বিনিময়ে 'ডোনার কার্ড' কিনে নিত। এরপর সেই ডোনার কার্ড ব্লাড ব্যাঙ্কে জমা দিয়ে বিনামূল্যে রক্ত তুলে নিয়ে তা রোগীদের কাছে মোটা টাকার বিনিময়ে বিক্রি করা হতো। এই বেআইনি বিক্রির লভ্যাংশ দালাল ও ল্যাব টেকনিশিয়ানদের মধ্যে ভাগ বাটোয়ারা হতো। এই সমস্ত তথ্য প্রমাণ হাতে আসার পরেই পাঁশকুড়া সুপার স্পেশালিটি হাসপাতালের তিন কর্মী-সহ পুরো চক্রটির বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেয় এসিবি। এই চক্রে আর কেউ জড়িত রয়েছে কি না, তা খতিয়ে দেখতে তদন্ত জারি রয়েছে।

বিজ্ঞপ্তি

আমার মক্কেল পিয়ালী মাইতি দুইটি পাওয়ার অফ অ্যাটর্নী যথাক্রমে প্রথমটি ডি. এস, আর হাওড়ায় রেজিস্ট্রিকৃত দলিল নং- ৩৯২, বুক-৪, ইংরাজী ২০০৮ সালে এবং দ্বিতীয়টি এ.ডি.এস.আর হাওড়ায় রেজিস্ট্রকৃত দলিল নং- ৯৭৯, বুক-৪, ইংরাজী ২০১৩ সালের মারফৎ জগদীশপুর মৌজায় অবস্থিত এল. আর ৯২০, ১৪৭৬ খতিয়ানে এল. আর ৪৭২০ নং দাগে একটি জমি খরিদ করেন, যাহার দলিল নং- ০৬৮৫৬, বুক-১, ইংরাজী ২০২২ সালে এ. ডি. এস, আর হাওড়ায় রেজিস্ট্রিকৃত। উক্ত মক্কেল নাম খারিজের আবেদন করিয়াছেন। যদি কাহারও কোন অভিযোগ থাকে উক্ত জমি বিষয়ে তাহা হইলে অদ্য হইতে ১মাসের মধ্যে বি.এল.আর. ও বালী জগাছায় অবগত করাইবেন।

ধন্যবাদান্তে
বিনীত
Abhisek Roy
Advocate
JUDGES COURT, HOWRAH

মিউটেশন আবেদনকারী রায়তের নামঃ সুবোধ রায়
আমমোক্তারনামা দাতাঃ উমা তরফদার
ঠিকানাঃ গ্রাম- বলি পাড়া, বাহাদুর, কোতয়ালী
গ্রহীতাঃ সুবোধ রায়
আমমোক্তারনামা নং ও সনঃ 161 13.9.02 নং বহি — নং বহি
আমমোক্তারনামা বলে দলিল নং ও সনঃ I- 1831/ 2019
নামজারি কেস নংঃ MN/2026/0702/7473
উক্ত আমমোক্তারনামা বলে দলিল অনুযায়ী উপরোক্ত মিউটেশন এর বিষয়ে বক্তব্য/ আপত্তি থাকলে বিজ্ঞপ্তি প্রকাশ হবার একমাসের মধ্যে সমস্ত ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের কার্যালয়ে লিখিত আকারে তা পেশ করবেন। অন্যথায় আইন অনুযায়ী আবেদনটি নিস্পত্তি করা হবে।
দলিলে বর্ণিত তপশিল সম্পত্তির বিবরণ পরিমাণ এবং খতিয়ান সহ ক্রেতা/ গ্রহীতা ও বিক্রেতা/ দাতার নাম ও ঠিকানা নিম্নরূপঃ
মৌজা- সাতখামার ৯ নং, সিট থানা- কোতয়ালী, জলপাইগুড়ি জেলা, খতিয়ান 56 এবং 107 দাগ নং. 487, 560, 573
(আদেশ নং- ১০০০- I.S./২২/২০২৪ তারিখ ২৭.০২.২০২৪ অনুসারে বিজ্ঞপ্তি, পশ্চিমবঙ্গ সরকার ভূমি ও ভূমি সংস্কার ও শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন দপ্তর দ্বারা বলবৎকৃত)
বিজ্ঞপ্তি দাতার নামঃ সুবোধ রায়
পিতাঃ ধীরেন্দ্র নাথ রায়
ঠিকানাঃ বলি পাড়া, পোঃ বাহাদুর, জলপাইগুড়ি

রঙিয়া ডিভিশনে সেস মেরামত

টেন্ডার বিজ্ঞপ্তি নং : ৪৯-ইএনজিজি-আরএনওয়াই-২০২৬-২৭, তারিখ : ২০-০৮-২০২৬; নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারী কর্তৃক ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে; **কাজের সংক্ষিপ্ত বিবরণ :** (i) যোগীঘোপা-ধূপধারা-সেস মেরামত, (ii) ধূপধারা-আজারা-সেস মেরামত। **টেন্ডার মূল্য:** ৯,৩৩,৪৪,০৩৩.৯১/- টাকা; **বায়না মূল্য:** ১৮,৬৬,৯০০/-টাকা; টেন্ডার **বন্ধের** তারিখ ও সময় ১১-০৯-২০২৬ তারিখে ১৫:০০ টায় এবং টেন্ডার **খোলার** সময় ১৫:৩০ টায়। উপরোক্ত ই-টেন্ডারের সম্পূর্ণ তথ্য সহ টেন্ডার নথি **www.ireps.gov.in** ওয়েবসাইটে পাওয়া যাবে।

ডিআরএম (ওয়ার্কস), রঙিয়া
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

আইসিএফ এবং এলএইচবি উভয় কোচের এবং আন্ডারগিয়ার পরিস্কারের কাজ

টেন্ডার বিজ্ঞপ্তি নং : ডিবিজিডিএস-এনএইচবি-১৪-২০২৬-২৭; তারিখ : ২০-০৮-২০২৬। নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারী কর্তৃক ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে; **কাজের নাম :** ০৩ (তিন) বছর মেয়াদের জন্য ডিবিজিডিএস-এর আইসিএফ এবং এলএইচবি উভয় কোচের এবং আন্ডারগিয়ার পরিস্কারের কাজ। **কাজের আনুমানিক মূল্য:** ৮৭,২৩,০৫২/-টাকা @১৮% জিএসটি সহ; **বায়না মূল্য:** ১,৭৪,৫০০/-টাকা; টেন্ডার **বন্ধের** তারিখ ও সময় ১১-০৯-২০২৬ তারিখ ১৫:০০ টায় এবং টেন্ডার খোলার সময় ১৫:৩০ টায়। উপরোক্ত ই-টেন্ডারের সম্পূর্ণ তথ্য সহ টেন্ডার নথি ১১-০৯-২০২৬ তারিখে ১৫:০০ টা পর্যন্ত **www.ireps.gov.in** ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

সিডিইউএম, ডিব্রুগড়
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

e-TENDER

NOTICE INVITING e-TENDER (NIeT) No. 07/2026-2027/ PLANNING (2nd Call) (Tender IDs 2026_DMMU_5020226_1), vide memo No. **1531 / Planning/ en, Dated 25/08/2026** in appropriate format are hereby invited by the District Planning Officer, Murshidabad, on behalf of the District Magistrate, Murshidabad from eligible bonafide outsider contractors/ agencies.
For details please visit **tenders.wb.gov.in**
District Planning Officer, Murshidabad
স্মারক নং 255/(2) তথ্য / মুর্শি: তারিখ: 25.8.2026

NIQ, Govt. of West Bengal.

Tender is hereby invited by the Executive Engineer, PWD, Kolkata IT Division, Main Block, Ground Floor, Writers' Buildings, Kolkata-700001 from the eligible contractors for the following works.
1. Name of Work: "Provision for temporary arrangement of IT Infrastructure arrangement for the programme to be attended by VVIP in connection with Rakhi Bandhan Utsab, 2026 at Ambedkar Colony, 34-Judges Court Road, Kolkata- 700027 on 28.08.2028." **[Job No. KIT/RW/ 147 of 26-27]**
SHORT NOTICE INVITING QUOTATION (No-080/KIT/Q of 26-27)
Bid Submission Closing 27.08.2026 up to 03.00 PM
2. Name of Work: "Provision for Temporary High Speed internet connectivity for the programme to be attended by VVIP in connection with Rakhi Bandhan Utsab, 2026 at Ambedkar Colony, 34-Judges Court Road, Kolkata-700027 on 28.08.2028." **[Job No. KIT/RW/ 148 of 26-27]**
SHORT NOTICE INVITING QUOTATION (No-081/KIT/Q of 26-27)
Bid Submission Closing 27.08.2026 up to 03.00 PM
3. Name of Work: "Provision for temporary arrangement of IT Infrastructure arrangement for the programme to be attended by VVIP at Nazrul Mancha, Kolkata on 28-08-2026" **[Job No. KIT/RW/ 149 of 26-27]**
SHORT NOTICE INVITING QUOTATION (No-082/KIT/Q of 26-27)
Bid Submission Closing 27.08.2026 up to 03.00 PM
4. Name of Work: "Provision for Temporary High Speed internet connectivity for the programme to be attended by VVIP at Nazrul Mancha, Kolkata on 28-08-2026" **[Job No. KIT/RW/150 of 26-27]**
SHORT NOTICE INVITING QUOTATION (No-083/KIT/Q of 26-27)
Bid Submission Closing 27.08.2026 up to 03.00 PM
Corrigendum or Addendum if issued will be published only on website.
Sd/-
Executive Engineer, PWD
Kolkata IT Division

বিজ্ঞপ্তি

আমি শ্রী গৌতম নস্কর, পিতা-নন্দলাল নস্কর সাং-জ্যোতগিরি, ডোমজুড়, হাওড়া। পায়রাটুঙ্গী মৌজায় অর্পণা নস্কর থেকে চিত্রা নস্কর জমি আমমোক্তার গ্রহন করেছেন, যাহার হাল দাগ ১৫০৬, ১৫১১ যাহার আমমোক্তার নং-২৬৯৪/২১, যাহার দলিল নং-৩৬১৩/২৬ বর্তমানে আমি নাম খারিজের জন্য আবেদন জমা করেছি। উক্ত দাতাগনের যদি কোনরুপ আপত্তি থাকে তাহলে উপযুক্ত প্রমানসহ বি.এল.এন্ড.এল.আর.ও ডোমজুড় অফিসে ৩০ দিনের মধ্যে যোগাযোগ করিবেন।

বিজ্ঞপ্তি

আমি শ্রী শ্রীমন্ত ঘাঁটি, পিতা-আনন্দ ঘাঁটি সাং-নারনা, ডোমজুড়, হাওড়া। নারনা মৌজায় অজয় ঘোষ দিগরের থেকে পলাশ দাস দিগর জমি আমমোক্তার গ্রহন করেছেন, যাহার হাল দাগ ৫৩৬৭ যাহার আমমোক্তার নং-৮৬৯৬/২২, যাহার দলিল নং-২৩৮১/২৬ বর্তমানে আমি নাম খারিজের জন্য আবেদন জমা করেছি। উক্ত দাতাগনের যদি কোনরুপ আপত্তি থাকে তাহলে উপযুক্ত প্রমানসহ বি. এল. এন্ড. এল. আর.ও ডোমজুড় অফিসে ৩০ দিনের মধ্যে যোগাযোগ করিবেন।

Office of the
Nowpukuria Gram Panchayat
Vill – Dholtikari, P.O. – Makhna
Falta , South 24 Parganas
NOTICE INVITING TENDER No. NOW/GP/62
Sealed Tender is invited from the bonafide resourceful bidders for the execution of the work: Construction of road at 7(Seven) different places. Source of Fund: 15th FC (un-tied)/2025-26. Last date of submission of Bid on 05.09.2026 up to 05.00 PM. Bid Opening Date on 07.09.2026 at 11.30 am. For details please visit the office of the undersigned on working days.
Sd/-Prodhan
Nowpukuria Gram Panchayat

NIT No. - 02/BDO/MAN-I/2026-27(3rd call) on behalf of the Governor of West Bengal 01 (One) nos. sealed tender consisting of 01 (One) nos. for Construction of Different Development Schemes are Invited by the Undersigned from the bonafled and resourceful agencies with sound technical and financial capabilities and having experience of similar types of works as mentioned in the N.I.T.
For detail of each group like Name of work, Eligibility criteria, Earnest money, Tender amount etc. may be viewed from **http//tenders.wb.gov.in** & office Notice Board in office hour. Last date of application for **NIT No. -02/BDO/MAN-1/2026-27(3rd call) is 01.09.2026 upto 6 PM.**
Sd/-
Block Development Officer
Manbazar-I Development Block
Memo no: 1174/ICA /PURU Dt-25/8/26.

হাওড়া পৌর নিগম

৪, মহাত্মা গান্ধী রোড, হাওড়া- ৭১১১০১
www.hmcgov.in
WB-HMC/NIT/ED/11/EE-II/26-27 Dated: 21-08-2026
WB-HMC/NIT/ED/12/EE-II/26-27 Dated: 24-08-2026
ই-টেন্ডার বিজ্ঞপ্তি
হাওড়া পৌরনিগম এলাকার অন্তর্গত বিভিন্ন রাস্তা সিমেন্ট-কংক্রিট করার মাধ্যমে মেরামত ও উন্নয়নের জন্য, সমজাতীয় কাজে পর্যাপ্ত অভিজ্ঞতাসম্পন্ন স্বনামধন্য, সক্ষম ও প্রকৃত ঠিকাদারদের কাছ থেকে নির্ধারিত ফর্মে ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য ই-টেন্ডার বিজ্ঞপ্তি এবং EE-II বিভাগ বা https://wbtenders.gov.in ওয়েবসাইটে দেখে পাওয়া যাবে। **অনলাইনে বিড বা দরপত্র জমা দেওয়ার শেষ সময় ১৬.০৯.২০২৬ তারিখ বিকেল ৫.০০টা পর্যন্ত।** কোনো কারণ দর্শানো ছাড়াই যেকোনো আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার এইচএমসি কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
৬০(৩) /২৬-২৭
২৫/৮/২০২৬
সচিব
হাওড়া পৌরনিগম

GOVERNMENT OF WEST BENGAL
OFFICE OF THE BLOCK PROGRAMME OFFICER & BLOCK DEVELOPMENT OFFICER
JOYPUR DEVELOPMENT BLOCK
P.O: GarhJoypur, Joypur, Purulia
E- QUOTATION NO. WB/PUR/JDB/PO/VB-G RAM G/NIQ-1(e)/2026-27
E - QUOTATION of material supply for 07 nos. Gram Panchayat under **VB-G RAM G** are invited by the undersigned from eligible bonafide contractors having requisite credentials and other valid documents **upto 2.00 PM of 10/09/2026.** For details intending participants may contact to the office of The undersigned or visit website **https://tenders.wb.gov.in** before the Last date for submission of bid documents.
Programme Officer
& Block Development Officer,
Joypur Development Block
Purulia

OFFICE OF THE BLOCK DEVELOPMENT OFFICR
At-Kotshila, PO-Jiudaru, PS-Kotshila, Dist.-Purulia, 723213.
Memo. No. 2558/PO/JLD-II Dated: 25/08/2026
Notice
Block Development Officer, Jhalda-II Development Block invites E-Quotation as follows: **NIQ No.-02(e)/BDO/JLD-11/2026-27(3rd call) memo no-2558/ PO/JLD-II dt.25.08.2026, for 09 no. scheme (Tender ID 2026_DM_5020128_1 to 2026_DM_5020128_9)** within the jurisdiction of Jhalda-II Development Block. Last Date of tender submission is **01.09.2026 up to 6-00 pm** respectively.
Details may be obtained from website: **https://tenders.wb.gov.in.**
Sd/-
Block Development Officer
Jhalda-II Development Block

আলিপুরদুয়ার ডিভিশনে মাল্টি পার্পোজ স্টল ইউনিটের জন্য ই-নিলাম

আলিপুরদুয়ার ডিভিশনে নিম্নলিখিত রেলওয়ে স্টেশনে ০৭টি এমপিএস-মাল্টি পার্পোজ স্টল ইউনিটের জন্য ই-নিলাম ক্যাটালগ। **নিলাম ক্যাটালগ নং:** C-AP-MPS-7-26, **নিলাম শুরুর তারিখ ও সময় (প্রতিটি লটঃ)** ০৪-০৯-২০২৬ তারিখের ১২.৩০ ঘণ্টা, **নিলাম বন্ধের তারিখ ও সময়:** ০৪-০৯-২০২৬ তারিখের ১৪.০০ ঘণ্টা, **রেট ইউনিট:** বার্ষিক লাইসেন্স মাসুল, **ট্রিপ/দিন:** ১৮২৬।

এসাইকিউ নং.	লট নং./ ক্যাটাগরি	বিবরণ
এ/১	এমপিএস-এপিডিজে-এইচএসএ-এমপিএস-৭২-২৬-১ (এমপিএস-মাল্টি পার্পোজ স্টল)	হাসিমারা রেলওয়ে স্টেশনের সার্কুলেটিং এলাকায় বহুমুখী স্টল -এর ব্যবস্থা।
এ/২	এমপিএস-এপিডিজে-জেপিই-এমপিএস-৬৭-২৬-২ (এমপিএস-মাল্টি পার্পোজ স্টল)	জলপাই গুড়ি রোড রেলওয়ে স্টেশনের সার্কুলেটিং এলাকায় বহুমুখী স্টল -১ এর ব্যবস্থা।
এ/৩	এমপিএস-এপিডিজে-জিইউপি-এমপিএস-৬১-২৬-১ (এমপিএস-মাল্টি পার্পোজ স্টল)	গৌরীপুর স্টেশনের পিএফ-১-এ এমপিএস ইউনিট প্রদানের ব্যবস্থা।
এ/৪	এমপিএস-এপিডিজে-ডিবিবি-এমপিএস-২২-২৩-১ (এমপিএস-মাল্টি পার্পোজ স্টল)	ধুবড়ি স্টেশনের পিএফ-১-এ বহুমুখী স্টল-এর ব্যবস্থা।
এ/৫	এমপিএস-এপিডিজে-ডিকেউজি-এমপিএস-৩-২৩-১ (এমপিএস-মাল্টি পার্পোজ স্টল)	ধূপগুড়ি স্টেশনের পিএফ-২-এ বহুমুখী স্টল প্রদানের-এর ব্যবস্থা।
এ/৬	এমপিএস-এপিডিজে-এপিডিজে-এমপিএস-৪৯-২৬-১ (এমপিএস-মাল্টি পার্পোজ স্টল)	আলিপুরদুয়ার স্টেশনের চার্কুলেটিং এলাকায় এমপিএস ইউনিট প্রদানের ব্যবস্থা।
এ/৭	এমপিএস-এপিডিজে-জেপিই-এমপিএস-৬৮-২৬-২ (এমপিএস-মাল্টি পার্পোজ স্টল)	জলপাই গুড়ি রোড রেলওয়ে স্টেশনের পিএফ-২-এ বহুমুখী স্টল-৫ এর ব্যবস্থা।

উপরের ই-নিলামটি ইতিমধ্যে ই-নিলাম ক্যাটারিং মডিউলের অধীনে **www.ireps.gov.in** ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।
ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার (সি), আলিপুরদুয়ার জং.
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

CENTURY EXTRUSIONS LIMITED
CIN: L27203WB1988PLC043705
Regd Office: 113, Park Street, 'N' Block, 2nd Floor, Kolkata - 700016
Website: www.centuryextrusions.com
E-mail: secretary@centuryextrusions.com
NOTICE OF SPECIAL WINDOW FOR RE-LODGEMENT OF TRANSFER AND DEMATERIALISATION OF PHYSICAL SHARES
Notice is hereby given that SEBI vide its Circular No. SEBI/HO/MIRSD/MIRSD-POD/P/CIR/2025/97 dated July 2, 2025, had earlier opened a special window for re-lodgement of transfer requests of physical shares originally submitted before April 01, 2019 for a period of six months from July 07,2025 till January 06, 2026.
Further with a view to facilitate the investors, SEBI vide its Circular No. HO/38/13/11(2)2026-MIRSD-POD/ I/3750/2026 dated 30th January, 2026 has opened another special window for transfer and dematerialisation ("demat") of physical shares which were sold/purchased prior to April 01, 2019. This special window shall remain open for a period of one year i.e. from February 05, 2026 to February 04, 2027.
The said facility is also available for such transfer requests which were submitted earlier and were rejected/returned/not attended due to deficiency in the documents /process/ or otherwise.
During the period, eligible shareholders may re-lodge their earlier requests with the Company's Registrar and Share Transfer Agent (RTA), **M/s. MUFG Intime India Private Limited, Operational Address:** Rasoi Court, 5th Floor,20, Sir R N Mukherjee Road, Kolkata - 700001, West Bengal, India, along with required documents rectifying the deficiencies, if any.
The detailed circular is also available on the website of the Company at **www.centuryextrusions.com**
For Century Extrusions Limited
Rajan Singh
Company Secretary
Membership No. : A35350
Date: August 25, 2026
Place: Kolkata